

নিয়োগ বিজ্ঞপ্তি

পূবালী ব্যাংক লিমিটেড টেকনিশিয়ান পদমর্যাদায় লিফট অপারেটর পদে নিয়োগের জন্য নিম্নলিখিত শর্তপূরণ সাপেক্ষে আগ্রহী প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করছেঃ

পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বেতন স্কেল
টেকনিশিয়ান (লিফট অপারেটর)	০১ (এক) টি	১. এস.এস.সি. অথবা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। ২. যে কোন টেকনিক্যাল ট্রেনিং ইন্সটিটিউট/ সেন্টার থেকে ইলেক্ট্রিক্যাল ও ইলেক্ট্রনিক্স -এ ০৬ (ছয়) মাসের ট্রেড কোর্স সার্টিফিকেট পাস। ৩. সংশ্লিষ্ট কাজে কমপক্ষে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতাসহ লিফট অপারেশন, রক্ষণাবেক্ষণ এবং ত্রুটি নির্ণয় ও মেরামতের ধারণা থাকতে হবে।	৳ ৯,৭০০-৬০০-১৫,৭০০- ইবি-৬৫০-১৮,৯৫০/- এবং অন্যান্য প্রদেয় সুবিধাদি সহ সর্বসাকুল্যে মোট বেতন ২৪,৬৬০/-

- প্রার্থীকে বাংলাদেশের পুরুষ নাগরিক হতে হবে।
- বয়সঃ ৩০-০৯-২০২১ তারিখে অনূর্ধ্ব ৩২ বছর। বয়সের ক্ষেত্রে এফিডেবিট গ্রহণযোগ্য নয়।
- চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- ০১ (এক) বছর সন্তোষজনক চাকুরী করার পরে বিধি অনুযায়ী তাদের ব্যাংকের নিয়মিত চাকুরীতে স্থায়ী করা হবে।

আবেদনকারীর জীবন বৃত্তান্তে নিম্নলিখিত বিষয়গুলো উল্লেখ করতে হবেঃ

- (১) নাম (এস.এস.সি. অথবা সমমানের সনদপত্র অনুযায়ী), (২) পিতার নাম, (৩) মাতার নাম, (৪) বর্তমান ঠিকানা, (৫) স্থায়ী ঠিকানা, (৬) নিজ জেলা, (৭) জন্ম তারিখ, (৮) বয়স (৩০-০৯-২০২১ তারিখে), (৯) জাতীয় পরিচয়পত্র নম্বর, (১০) মোবাইল ফোন নম্বর, (১১) শিক্ষাগত যোগ্যতার বিবরণ, (১২) ইলেক্ট্রিক্যাল ও ইলেক্ট্রনিক্স ট্রেডে প্রশিক্ষণের বিবরণ, (১৩) লিফট অপারেটর পদে কাজের অভিজ্ঞতার বিবরণ, (১৪) অন্যান্য যোগ্যতা এবং অভিজ্ঞতা (যদি থাকে), (১৫) প্রার্থীর আত্মীয় নয় এমন ০২ (দুই) জন সন্মানিত পরিচিত ব্যক্তির নাম ও ঠিকানা।

আগ্রহী প্রার্থীগণকে জীবন বৃত্তান্ত, সদ্যতোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি, শিক্ষাগত যোগ্যতা ও প্রশিক্ষণ সংক্রান্ত সনদপত্র, নাগরিকত্ব সনদপত্র, জাতীয় পরিচয়পত্র ও অভিজ্ঞতার সনদপত্র সমূহের সত্যায়িত কপিসহ আবেদন করার জন্য অনুরোধ জানানো হচ্ছে।

আবেদনপত্র মহাব্যবস্থাপক, পূবালী ব্যাংক লিমিটেড, মানব সম্পদ বিভাগ, প্রধান কার্যালয়, ২৬ দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০ বরাবর ১৪ অক্টোবর ২০২১ তারিখের মধ্যে পৌঁছাতে হবে।

- আবেদনপত্রের খামের উপর পদের নাম উল্লেখ করতে হবে। ● কেবলমাত্র সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীদের নির্বাচনের জন্য ডাকা হবে।
- আবেদনপত্রে যেকোন ধরনের ভুল তথ্য প্রদান করলে, প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।
- ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল আবেদনপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে।



পূবালী ব্যাংক লিমিটেড
PUBALI BANK LIMITED

Human Resources Division
Head Office, 26 Dilkusha C/A, Dhaka